তারেক রহমানের ১৪তম কারাবন্দী দিবসের সভায় বিএনপি নেতা শরীফ

বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের ১৪তম কারাবন্দী দিবস উপলক্ষে টুয়াডাঙ্গায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির আয়োজনে গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ছয়টায় শহরের রজব আলী মার্কেটস্থ জেলা বিএনপির দলীয় কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবুর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপির মনোনীত প্রার্থী ও জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য শরীফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্যে বিএনপি নেতা শরীফুজ্জামান শরীফ বলেন, তারেক রহমান হচ্ছে আগামীর রাষ্ট্রনায়ক। তিনি বিএনপির একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি। তাঁকে তৎকালিন তত্বাবধায়ক সরকারের আমলে মিথ্যা মামলায় গ্রেপ্তার করে নির্মমভাবে নির্যাতন করা হয়। এই অত্যাচারে তিনি অসুস্থ হলে পরে জামিনে মুক্ত হয়ে এখন লন্ডনে চিকিৎসাধীন অবস্থায় আছেন।

এছাড়াও বিএনপি চেয়ারপার্সন ও তিনবারের সফল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে বর্তমান সরকার রাজনৈতিক প্রতিহিংসা পরায়ন হয়ে মিথ্যা মামলা দিয়ে নির্জন কারাগারে রেখেছে। তাঁকে সঠিকভাবে চিকিৎসা প্রদান করা হচ্ছে না। এই সরকার বেগম জিয়াকে তিলে তিলে মৃত্যুর দিকে ঠেলে দিচ্ছে। তিনি আরও বলেন, সরকার এখন কী করছে, তা আর ভাবার সময় নেই।

এখন একটাই চিন্তা ও ভাবনা করতে হবে বেগম খালেদা জিয়াকে কীভাবে জেল থেকে মুক্ত এবং তারুণ্যের অহংকার তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনা হবে। আর বেগম জিয়ার জেল থেকে মুক্তি, তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনতে এবং এই সরকারের পতনের জন্য কঠোর আন্দোলনের কোনো বিকল্প নেই।’

জেলা জাসাস-এর সাধারণ সম্পাদক মো. সেলিমুল হাবিব সেলিমের উপস্থাপন আলোচনা সভায় আরও বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি, জেলা

মৎস্যজীবী দলের যুগ্ম আহ্বায়ক কামরুজ্জামান বাবলু, পৌর বিএনপির সাবেক সহসভাপতি খায়রুল ইসলাম, হাফিজুর রহমান মুক্ত ও পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ।

মেপ্র/আরপি

গাংনী উপজেলা ও পৌর যুবদলের আহবায়ক কমিটি গঠন

মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর যুবদলের আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। গত বুধবার মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ ও সাধারণ সম্পাদক কাউছার আলী এ কমিটির অনুমোদন দেন।

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল গাংনী উপজেলা আহবায়ক করা হয়েছে সাবেক ছাত্র নেতা মো: মালেক হোসেন চপল বিশ্বাস ও গাংনী সরকারী ডিগ্রী কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ কে সদস্য সচিব করে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

অপরদিকে গাংনী পৌর যুবদলের আহবায়ক করা হয়েছে পৌরসভার প্যানেল মেয়র ও ৮ নং ওয়ার্ড কাউন্সিলর সাহিদুল ইসলামকে ও ৯ নং ওয়ার্ড কাউন্সিলর এনামুল হককে সদস্য সচিব করে ২০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের গাংনী উপজেলা আহবায়ক করা হয়েছে সাবেক ছাত্র নেতা মো: মালেক হোসেন চপল বিশ্বাস সকলের সহযোগীতা কামনা করেন।

এদিকে সদ্য গঠিত এ কমিটিকে অভিনন্দন জানিয়েছেন, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, যুগ্ম সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল,

সাংগঠনিক সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক,

সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আখেরুজ্জামান, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, রাইপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দীন সহ বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এছাড়াও মেহেরপুর সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা যুবদলেরও আহবায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

মেপ্র/আরপি

খালেদা জিয়ার জামিন আবারো নাকচ করলো হাইকোর্ট

জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় দণ্ডিত হয়ে কারাগারে আটক বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন আবেদন খারিজ করে দিয়েছে আদালত। অর্থাৎ এ দফাতেও জামিন পেলেন না খালেদা।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে আদালতে মামলার শুনানি শুরু হয়। সে সময়ে হাইকোর্টের আদেশ অনুযায়ী খালেদা জিয়ার সর্বশেষ স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন আদালতে দাখিল করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) থেকে পাঠানো তার চিকিৎসা সংক্রান্ত প্রতিবেদনে জানানো হয় যে, খালেদা জিয়া বিএসএমএমইউ হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য সম্মতি দেননি।

এরপর খালেদা জিয়ার আইনজীবীরা বিশেষায়িত হাসপাতালে তার উন্নত চিকিৎসার জন্য হাইকোর্টে আবেদন জানান।

কিন্তু আদালত তার স্বাস্থ্য রিপোর্ট পড়ে সেই আবেদন খারিজ করে দেন।

রিপোর্টে, খালেদা জিয়ার ডায়াবেটিস, শ্বাসকষ্টজনিত সমস্যা ও রক্তচাপ নিয়ন্ত্রণে আছে উল্লেখ রয়েছে বলে জানা গেছে।

তবে বিএসএমএমইউ-তে উন্নত চিকিৎসা সম্ভব উল্লেখ করে আদালত নির্দেশ দিয়েছে যেন খালেদা জিয়ার সম্মতির ভিত্তিতে দ্রুত তার চিকিৎসা শুরু করা হয়।

বৃহস্পতিবার বিচারপতি ওবায়দুল হাসান ও বিচারপতি এ কে এম জহিরুল হকের হাইকোর্ট বেঞ্চে প্রতিবেদনটি দাখিল করেন সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল মো. আলী আকবর।

এর আগে গত রোববার উন্নত চিকিৎসার জন্য খালেদা জিয়া সম্মতি দিয়েছেন কিনা, সম্মতি দিলে চিকিৎসা শুরু হয়েছে কিনা এবং চিকিৎসা শুরু হলে কী অবস্থা তা জানাতে বিএসএমএমইউ এর উপাচার্যকে নির্দেশ দিয়েছিলেন হাইকোর্ট।

মেপ্র/আরপি

ঝিনাইদহে ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী কর্মসূচী পালন

ঝিনাইদহে ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী কর্মসূচী পালন করা হয়েছে। ঝিনাইদহ জেলা ছাত্রদলের আয়োজনে বুধবার সকালে জেলা শহরের স্থানীয় ঢাকা কমিউনিটি সেন্টারে ছাত্রদলের ৪১ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ জেলা ছাত্রদলের সভাপতি সমিনুজ্জামান সমিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা কমান্ডার সাবেক এমপি মসিউর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানা বিএনপির সাধারন সম্পাদক অ্যাড. আব্দুল আলিম, এনামূল কবির মুকুল, শাহজাহান আলি, জেলা কৃষকদলের সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা, কালিচরনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মো: দেলোয়ার হোসেন,

জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রোনক, আজিজুল ইসলাম লিটন, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মিরাজুল ইসলাম, সহ-সভাপতি শাহিনুর রহমান মূন্সি, মেহেদী হাসান প্রমূখ।

আলোচনা সভার আগে ঢাকা কমিউনিটি সেন্টারের নিচ থেকে একটি র্যালী হয়ে আলোচনা সভায় অংশ নেয় দলটির নেতাকর্মীরা।

এসময় ঢাকা কমিউনিটি সেন্টারের প্রতিষ্ঠা বার্ষিকী দিচ্ছে ডাক-গণতন্ত্র মুক্তি পাক এই শ্লোগানে মুখরিত ছিল ছাত্র দলের নেতা কর্মিদের মধ্যে।

আলোচনা সভায় দেশ মাতা উলে¬খ করে বক্তাগণ খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও দেশ নায়ক তারেক রহমানের স্ব-সম্মানে দেশে প্রত্যাবর্তনের দাবি জানান। পরে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

মেহেরপুরে ‘গণতন্ত্র হত্যা দিবস’ পালন করলো বিএনপি

মেহেরপুরে কেন্দ্র ঘোষীত ‘৩০শে ডিসেম্বর গণতন্ত্র হত্যা দিবস’ পালন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

সোমবার সকালে জেলা বিএনপির কার্যালয় প্রাঙ্গনে ‘গণতন্ত্র পূনরুদ্ধার ও জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠার সংগ্রাম’ স্লোগানে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিতে বক্তব্য রাখেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াছ হোসেন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, আব্দুর রশিদ, পৌর বিএনিপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে জেলা বিএনপি’র আলোচনা সভা ও শহীদ স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জালী জানানো হয়েছে। জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে মৌন মিছিলে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, আনছারুল হক, শেখ সাঈদ আহম্মেদ ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস ।

শহীদ বুদ্ধিজীবী দিবসে জেলা বিএনপির র্যালীতে আরো উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আবদুর রহিম, সাংগঠনিক সম্পাদক আবদুর রশিদ, জেলা বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভূট্টো, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ সেন্টু, পৌর বিএনপির সহ-সভাপতি ইদ্রীস আলী দেওয়ান, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু,

সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক সাহাবুদ্দিন মোল্লা, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদর উদ্দিন বিশ্বাস, পৌর বিএনপির সহ-সভাপতি হাজী ফজলু খাঁন, হাবিব ইকবাল, যুগ্ম সম্পাদক আবু ইউসুফ মিরন, হাফিজুর রহমান হ্যাপি, মেহেরপুর জেলা তাতীদলের সভাপতি আরজুল্লা বাবলু মাষ্টার, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, যুগ্ম সম্পাদক মেহেদী হাসান রোকন,

জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হাসান মিন্টু, জেলা ছাত্রদলের সহ সভাপতি আকিব জাভেদ সেনজিন, সহ-সভাপতি তৌফিক এলাহী সাকিল প্রমূখ।

এছাড়াও শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও এক মিনিট নিরবতা পালন করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

খালেদা জিয়ার মুক্তির দাবিতে মেহেরপুর জেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ

বেগম খালেদা জিয়ার মুক্তির দাবীতে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে মেহেরপুর জেলা বিএনপি’র বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। আজ শনিবার সকাল ১০টায় সমাবেশে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন। সমাবেশ পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।
অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আনছারুল হক, ইলিয়াছ হোসেন প্রমুখ।
সভাপতির বক্তব্যে মাসুদ অরুন বলেন, জোর যার মুল্লুক তার এই তথ্যে বিশ্বাসীরাই দেশের সকল গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে ধ্বংস করে ফেলেছে। জুয়াড়ি, লুটেরাদের হাতে দেশ জিম্মি। তিনি আরো বলেন, জেলের তালা ভাঙ্গবো খালেদা জিয়াকে আনবো। এই পরিস্থিতি তৈরী হওয়ার আগেই সরকারের উচিত আইনকে স্বাভাবিক গতিতে চলতে দেওয়া।
- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে তারেক রহমান এর ৫৪তম জন্মবার্ষিকী পালন

“তোমার অপেক্ষায় বাংলাদেশ” এই শিরোনামে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর ৫৪ তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।

বুধবার সকালে জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ কর্মসূচী পালন করা হয়। জেলা বিএনপির মাসুদ অরুনের সভাপতিত্বে অনুষ্ঠান অন্যদের

মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াছ হোসেন, আনছারুল হক প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। অনুষ্ঠানে জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

-নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে পেঁয়াজসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে বিএনপির সমাবেশ

মেহেরপুর শহরের বড়বাজারে পেঁয়াজসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে সমাবেশ করেছে জেলা বিএনপি। সোমবার সকাল ১০টার দিকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হবে।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, লুটেরা, কালো টাকার মালিক, জুয়াড়িদের হাতে রাষ্ট্র শাসন থাকলে জনগণের অধিকার পূরন হবে না। তিনি অবিলম্বে পেঁয়াজ, চালসহ দ্রব্যমুল্যের দাম কমানোর দাবী জানান।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, ইদ্রিস আলী, আবু সুফিয়ান হাবু, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক। সমাবেশে জেলা বিএনপির উপদেষ্টা ইদ্রিস আলী, তোজাম্মেল আযম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা সামসুল আলমসহ শতশত নেতাকর্মী অংশ নেন।
– নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় যুবদলের ৪১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

৪১তম প্রতিষ্ঠা বার্ষিকীতে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল মেহেরপুর জেলা শাখার উদ্দ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত।

গতকাল রবিবার জেলা বিএনপির কার্যালয়ে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ।

প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন। বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুর রহিম, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু প্রমুখ।

আলোচনা সভা পরিচালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী। আরো বক্তব্য রাখেন যুবদলের সিনিয়র সহ-সভাপতি আবদাল হক, যুগ্ম সম্পাদক মেহেদী হাসান রোকন, জেলা যুবদল সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, বাবু সাবের, এস এ শিল্টু খান, আনোয়ারুল ইসলাম, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক সাইদুর রহমান সুজন, রাশেদুজ্জামান বাপ্পী, আহমেদ রনি, রাজন আলী, শামীম রেজা, জেলা যুবদলের সহ-সাংগঠনিক তৌফিক এলাহী শিমুল, মাসুদ রানা।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন জেলা যুবদলের অন্যতম নেতা খোরশেদ আলম, আব্দুল মালেক চপল, রাইহান মজিদ, রাজু আহমেদ, শফিকুল ইসলাম শফিক, হাসানুজ্জামান প্রমুখ।
চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গায় পুলিশি বেস্টনির মধ্যে জাতীয়তাবাদী যুবদলের ৪১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

রবিবার সকালে শহরের শিল্পকলা একাডেমী চত্বরে র্যালি, গণরক্তদান ও আলোচনা সভার মধ্য দিয়ে দিনটি পালন করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে সকালে শিল্পকলা চত্বর থেকে একটি র্যালি বের করতে গেলে পুলিশি বাধার মুখে পড়ে নেতাকর্মিরা। পুলিশি বাধায় র্যালিটি মূল সড়কে উঠতে না পারলেও সেখান থেকে সরকার বিরোধী নানা স্লোগান দেয়া হয়। পরে একই স্থানে যুবদলের নেতাকর্মিরা গণরক্তদান কর্মসূচীর আয়োজন করা হয়।

এরপর শ্রীমন্ত টাউন হলে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় জেলা যুবদলের সভাপতি শরিফ উজ জামান সিজারের সভাপত্বিতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক ওয়াহেদুজ্জামান বুলা, মজিবুল হক মালিক মজু, খন্দকার আব্দুল জব্বার সোনা ও জেলা বিএনপির সদস্য শরীফুজ্জামান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ ঝন্টু।

আলোচনা সভায় বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে অন্যায়ভাবে জেলখানায় বন্দি করে রাখা হয়েছে দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে। তিনি ভীষণ অসুস্থ্য হওয়া সত্ত্বেও তাকে কোন ধরনের চিকিৎসা দিচ্ছে না সরকার।

বেগম খালেদা জিয়াকে মুক্ত করার শপথ নিয়ে নেতাকর্মিরা বলেন, ঘরে বসে থাকার সময় নেই, স্বৈরাচার সরকারের পতন ঘটাতে সবাইকে রাজপথে নামতে হবে। তারা আরো বলেন, বিএনপি, যুবদল, ছাত্রদলসহ সকল অঙ্গসংগঠনকে নিশ্চিহ্ন করতে বর্তমান সরকার যে ষড়যন্ত্র করছে যুবদল থাকতে তা কোন দিন সফল হবে না।

গণআন্দোলনের মাধ্যমে যে কোন মূল্যে দেশনেত্রী খালেদা জিয়াসহ সকল নেতাকর্মিকে মুক্ত করা হবে।

প্রতিদিন ডেস্ক